অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/25/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

হ্রদ প্রভাবিত প্রবল তুষারের কারণে শীতকালীন ঝড়ের সতর্কতা কার্যকর থাকবে বলে গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের সাবধানতা অবলম্বনের সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন

পশ্চিম নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং নিউ ইয়র্ক স্টেটের উত্তর সীমান্ত অঞ্চলে শনিবার সকালে পুরো বরফ পড়বে

পশ্চিম নিউ ইয়র্কে 8-14 ইঞ্চি বরফ জমার সম্ভাবনা আছে; নিউ ইয়র্ক স্টেটের উত্তর সীমান্ত অঞ্চলে এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে 16-24 ইঞ্চি বরফ জমার সম্ভাবনা আছে

আজ গভর্নর কুওমো, পশ্চিম নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং নিউ ইয়র্ক স্টেটের উত্তর সীমান্ত অঞ্চলে শনিবার ভোর পর্যন্ত চলা হ্রদ প্রভাবিত প্রবল তুষারের জন্য প্রস্তুত থাকার জন্য নিউ ইয়র্কবাসীদের সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন। ন্যাশনাল ওয়েদার সার্ভিস এই সময়কালে এই অঞ্চলগুলির জন্য পশ্চিম নিউ ইয়র্কে 8-14 ইঞ্চি বরফের সম্ভাবনা এবং নিউ ইয়র্ক স্টেটের উত্তর সীমান্ত অঞ্চল ও সেন্ট্রাল নিউ ইয়র্কে 16-24 ইঞ্চি বরফের সম্ভাবনা সহ শীতকালীন ঝড়ের সর্তকতা জারি করেছে।

"যদিও বেশির ভাগ নিউ ইয়র্কবাসীর জন্য শীতকালীন আবহাওয়া নতুন কিছু নয়, কিন্তু এই আসন্ন ঝড়টি হ্রদ প্রভাবিত প্রবল তুষারের কারণে আরও ভয়াবহ আবহাওয়া এবং যাতায়াতের প্রতিকূল অবস্থা তৈরি করবে বলে আশা করা হচ্ছে", **গভর্নর কুওমো বলেন।** "ঝড়টি অব্যাহত থাকবে বলে আমি নিউ ইয়র্কবাসীদের অবগত থাকতে এবং সমস্ত সাবধানতা অবলম্বন করার সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। আমরা সর্বদা এই পরিস্থিতিটির উপর নজর রাখছি এবং প্রয়োজন অনুযায়ী আমাদের স্থানীয় অংশীদারদের সহায়তা করার জন্য প্রস্তুত।"

বৃহস্পতিবার গভীর রাত অবধি একটি শীতকালীন ঝড়ের সতর্কতা জারি করা হয়েছে, যা পশ্চিম নিউ ইয়র্কে শনিবার সারা সকাল পর্যন্ত থাকবে যেখানে 8-14 ইঞ্চি পর্যন্ত বরফ জমে যাবে বলে অনুমানা করা হচ্ছে। ফিঙ্গার লেকসের উত্তরাঞ্চল এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক, সেইসাথে নিউ ইয়র্ক স্টেটের উত্তর সীমান্ত অঞ্চলের পশ্চিমভাগ শুক্রবার বিকেল থেকে শনিবার ভোর পর্যন্ত 16-24 ইঞ্চি বরফ দেখতে পারে।

নিউ ইয়র্কবাসীদের সর্বশেষ তথ্য পেয়ে আপডেট থাকতে তাদের স্থানীয় আবহাওয়া রিপোর্টগুলোতে গভীর মনোযোগ দেয়া উচিত। সেইসাথে, ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) স্টেটের বেশিরভাগ অঞ্চলের জন্য ইতিমধ্যে বন্যা এবং শীতকালীন আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কতা এবং পরামর্শ জারি করেছে। আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস ওয়েবসাইট। স্টেটের সহায়তা প্রয়োজন হলে নিউ ইয়র্ক সুইফট ওয়াটার রেসকিউ (Swift Water Rescue) কর্মী এবং সরঞ্জাম প্রদান করতে প্রস্তুত।

নিরাপদ যাত্রা

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানোটা গুরুত্বপূর্ণ।
- আপনাকে আবশ্যিকভাবে ভ্রমণ করতে হলে, এটা নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়ের মতো টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- প্লাবিত রাস্তার উপর দিয়ে গাড়ি চালাবেন না; ঘুরে গিয়ে অন্যদিক দিয়ে যান। প্রতি ঘন্টায় দুই মাইল বেগে বয়ে চলা জল একটা রাস্তা বা সেতু থেকে গাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে।
- যেসব জায়গায় নদী বা জলপ্রবাহ হঠাৎ বৃদ্ধি পেয়ে বন্যা আনতে পারে, যেমন হাইওয়ের গর্ত, সেতু ও নিচু এলাকা, সেখানে লক্ষ্য রাখুন।
- যদি আপনি আপনার গাড়ির ভিতরে থাকেন আর আপনার চারপাশে জল দ্রুতবেগে বাড়তে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে চলে যান।

উপরন্তু, শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। ড্রাইভিং শুরুর আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো ড্রাইভিং এর চাবিকাঠি। থামার জায়গাগুলোর পরিকল্পনা করুন এবং গাড়িগুলির মধ্যে দূরত্ব বজায় রাখুন, অতিরিক্ত সতর্ক থাকুন, ও মনে রাখুন, বাতাস তাড়িত তুষারপুঞ্জ ছোট ছোট শিশুদের আড়াল করে দিতে পারে। অধিকন্তু, সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে আপনার গতি মেলান।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটা সুনিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, স্নোপ্লাও পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কর্মক্ষম ও নিরাপদ উপায়।

এছাড়াও মোটরচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লাও ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং স্নোপ্লাও এর আকার ও ওজন কৌশলে ও দ্রুত থামানো কষ্টকর করে তোলে। স্নোপ্লাও এর পেছন থেকে বরফ ওড়ানো অত্যধিক ভাবে দৃষ্টিশক্তি হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। মোটরচালকদের স্নোপ্লাও কে পার করে যাওয়ার চেষ্টা বা পেছনে খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত।

এজেন্সির প্রস্তুতি

<u>ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation)</u>

স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন, 1,569টি প্লাও ট্রাক, যা 93টি রিসার্ভ ট্রাককে অন্তর্ভূক্ত করে, সেগুলি প্রয়োজনে কাজে লাগাতে প্রস্তুত আছে।

পাশাপাশি, অধিদপ্তরের রয়েছে 49টি টো প্লাও, 325টি বড় লোডার, 38টি স্নোব্লোয়ার, 19টি গ্রেডার, 200টি মাঝারি প্লাওসহ পিকআপ ট্রাক, 35টি ট্রাক্টর ট্রেলার, এবং 375,000 টনের বেশি লবণ। শীতকালীন ঝড়ের আগে রাস্তা নিরাপদ রাখতে সহায়তা করার জন্য প্রয়োজন হলে এই সরঞ্জাম, সেইসাথে প্রায় 3,900 অপারেটর ও সুপারভাইজার নিয়োগ করা হবে।

সেইসাথে, 20টি পালো ট্রাক, 40 জন অপারেটর এবং পাঁচজন সুপারভাইজার, চারজন সরঞ্জাম অপারেটর নির্দেশক, দুজন মেকানিক এবং দুজন ঘটনা নির্দেশ পদ্ধতি সহায়ক কর্মী।

- সেন্ট্রাল নিউ ইয়র্কঃ অঞ্চলটি মধ্য-হাডসন অঞ্চল, দক্ষিণ টায়ার এবং ক্যাপিটাল অঞ্চল থেকে পাঁচটি বড় প্লাও ট্রাক, দশজন অপারেটর, দুজন সুপারভাইজার, এবং একজন ঘটনা নির্দেশ পদ্ধতি সহায়ক কর্মী পাচ্ছে।
- পশ্চিম নিউ ইয়র্কঃ অঞ্চলটি দক্ষিণ টায়ার এবং ক্যাপিটাল অঞ্চল থেকে দশটি বড় প্লাও ট্রাক, 20জন অপারেটর, চারজন সরঞ্জাম অপারেটর নির্দেশক, দুজন সুপারভাইজার, এবং একজন ঘটনা নির্দেশ পদ্ধতি সহায়ক কর্মী পাচ্ছে।
- নর্থ কান্ট্রিঃ অঞ্চলটি মোহক ভ্যালি থেকে পাঁচটি বড় প্লাও ট্রাক, দশজন অপারেটর এবং একজন সুপারভাইজারী পাচ্ছে।

মোটরচালকদের যাত্রার পূর্বে 511NY এখানে দেখতে বা মোবাইল অ্যাপ ডাউনলোড করতে মনে করানো হচ্ছে। এই বিনামূল্যের পরিষেবাটি ব্যবহারকারীদের রাস্তার অবস্থা দেখার সুযোগ দেয় এবং এতে রয়েছে একটি শীতের যাত্রার সতর্কীকরণ পদ্ধতি যা বাস্তব-সময়ে যাত্রার রিপোর্ট ও কোন কোন স্টেট রাস্তা পরিষ্কার, ভেজা বা বরফে ঢাকা তা প্রদর্শন করে। পদ্ধতিটি মোটরচালকদের যাত্রা করা আদৌ সমীচীন কি না তা নির্ধারণ করতে একটা উপকারী সংস্থান প্রদান করে।

পাশাপাশি, বৃহস্পতিবার গভর্নর ঘোষণা করেন যে স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন শীতকালীন পরিস্থিতিতে নিরাপদে গাড়ি চালানো প্রচার করার জন্য একটি নতুন জন শিক্ষা ক্যাম্পেইন শুরু করেছে। একটি নতুন ওয়েবসাইট, ভিডিও এবং সোশ্যাল মিডিয়া মোটরচালকদের তুষার ও বরফ পরিস্থিতিতে নিরাপদে গাড়ি চালাতে অনুপ্রাণিত করবে, এবং গাড়িচালকদের তাগিদ দিবে যাতে তারা স্নো প্লাওগুলিকে নিরাপদে কাজ করার জন্য যথেষ্ট জায়গা প্রদান করে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)

থ্রুওয়ে অথোরিটি র 664 জন সুপারভাইজার ও অপারেটর আছে যারা সমগ্র স্টেট জুড়ে 244 টি বড় স্নো প্লাও, 127 টি মাঝারি স্নো প্লাও, 11 টি টো প্লাও এবং 55 টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 108,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা iPhone ও Android ডিভাইসে ডাউনলোড করতে বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে এই লিঙ্ক www.thruway.ny.gov/tas/index.shtml অনুসরণ করে। রিয়েল-টাইম আপডেটের জন্য, মোটরচালকরা থ্রুওয়ে ও নিউ ইয়র্কের অন্যান্য রাস্তার ট্রাফিক পরিস্থিতি প্রদর্শনকারী ইন্টারেক্টিভ ম্যাপ দেখতে টুইটারে @ThruwayTraffic অনুসরণ করতে পারেন অথবা www.thruway.ny.gov ভিজিট করতে পারেন।

স্নোপ্লাও ঘন্টায় প্রায় 35 মাইল গতিতে চলে -- যা অনেক ক্ষেত্রেই লিখে রাখা গতিসীমা থেকে কম -- এটি নিশ্চিত করার জন্য যে ছড়ানো লবণ যাতে গাড়ি চালানোর লেনে থাকে এবং রাস্তার বাইরে ছড়িয়ে না পরে। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও যেখানে লবণ প্রয়োগ করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)

ক্ষতিগ্রস্ত এলাকায় প্রয়োজনমত অতিরিক্ত টহল নিয়োজিত করতে নিউ ইয়র্ক স্টেট পুলিশ তৈরি আছে। সকল চার-চাকার গাড়ী নিয়োগ করা হবে এবং স্নোমোবাইল ও ইউটিলিটি টাস্ক গাড়ীর মত বিশেষ গাড়ী কাজে নিয়োজিত হওয়ার জন্য তৈরি আছে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)

DEC পুলিশ আধিকারিক, ফরেস্ট রেঞ্জার্স (Forest Rangers), আপৎকালীনি ব্যবস্থাপনা (Emergency Management) কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির উন্নতি পর্যবেক্ষণ করছেন এবং ঝড়ে আক্রান্ত হতে পারে এমন এলাকাগুলি সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। স্নোমোবাইল ও ইউটিলিটি যানসহ বিদ্যমান সকল সংস্থান যেকোনো জরুরি পরিস্থিতিতে সহায়তার জন্য প্রস্তুত আছে।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service)

জনসেবা অধিদপ্তর ইউটিলিটির সিনিয়র নির্বাহীদের সাথে যোগাযোগ রাখছে নিশ্চিত করার জন্য যে ঝড়ো আবহাওয়া মোকাবেলায় তারা প্রস্তুত, এবং তারা ইউটিলিটির ঝড়-প্রস্তুতি প্রচেষ্টা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে এটি নিশ্চিত করার জন্য যে বিভ্রাট সর্বনিম্ন করার জন্য এবং পুনঃস্থাপন দ্রুততার সাথে করার জন্য ইউটিলিটিগুলি প্রস্তুত আছে। সেবার ব্যাঘাত ঘটলে তা সর্বনিম্ন রাখার জন্য বিদ্যুৎ ও গ্যাস ইউটিলিটি ও ভেরিজোনের (Verizon) মতো টেলিযোগাযোগ সেবা প্রদানকারীরা অতিরিক্ত কর্মী নিয়ে প্রস্তুত আছে।

প্রয়োজন অনুযায়ী পুনঃস্থাপন প্রচেষ্টার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটিগুলির কাছে বিদ্যমান কর্মীর সংখ্যা 4,300। ইউটিলিটিগুলি সতর্ক রয়েছে এবং ঝড়ের বিকাশ খুব মনোযোগ দিয়ে পর্যবেক্ষণ করছে এবং যেখানে প্রয়োজন পুনঃস্থাপন কর্মী নিয়োগ করবে। অধিদপ্তরের কর্মীরা ঝড়ের সময় ইউটিলিটিগুলির প্রচেষ্টা পর্যবেক্ষণ করতে থাকবে।

বিদ্যুৎ ব্যাঘাতের ক্ষেত্রে ইউটিলিটিগুলি দিনে 24 ঘন্টা কাজ করার জন্য প্রস্তুত এবং প্রয়োজন হলে তাদের জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা বাস্তবায়ন করবে, যার মধ্যে রয়েছে লাইফ-সাপোর্ট ও অন্যান্য জরুরি অবস্থার কাস্টোমারদের সাথে যোগাযোগ করা।

ইউটিলিটিগুলি কাস্টোমারদের ঝড় এবং নিরাপত্তা তথ্য প্রদান করতে পারবে অথবা কাস্টোমাররা তথ্যের জন্য অধিদপ্তরের কল সেন্টারে ফোন করতে পারে। 1-800-342-3377 নম্বরে ফোন করে PSC হেল্পলাইনের সাথে যোগাযোগ করা যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন